দৈনিক ইনকিলাব

তারিখ ...26 APR 1998...
পৃষ্ঠা 7 কলাম 8

১৭৬

### এসএসসি পরীক্ষা ঃ গণহারে নকল ঃ প্রায় তিন হাজার বহিষ্কার

# নতুন প্রশ্নে অংক পরীক্ষা গৃহীত ঃ ভূগোল পরীক্ষাও নতুন প্রশ্নে হবে

ইনকিলাব রিপোর্ট ঃ পরীক্ষায় গণহারে নকল, বস্তাভরা নকল উদ্ধার এবং নতুন প্রশ্নপত্রের বিভিন্ন সেট দিয়ে গতকাল চলতি এসএসসি পরীক্ষার সবচেয়ে কঠিন বিষয় অংক পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। আগামীকালের পরীক্ষা পুরান প্রশ্নে অনুষ্ঠিত হবে এবং পরদিন ভূগোল পরীক্ষা নতুন প্রশ্ন দিয়ে গৃহীত হবে বলে রাজশাহী বোর্ডের ডেপুটি কন্ট্রোলার জানান। ইংরেজী ও বাংলা পরীক্ষা বাতিল করে নতুন প্রশ্নে পরীক্ষা হতে পারে বলে চট্টগ্রাম ব্যুরো জানিয়েছে।

এসএসসি পরীক্ষার ৮ম দিনে অংক পরীক্ষা চলাকালে ফরিদগঞ্জে নকলের ফটোকপি করার অপরাধে জেলা প্রশাসক একটি ফটোস্ট্যাট মেশিন আটক করে পুলিশের নিকট সোপর্দ করেছে।

সাতক্ষীরার কলারোয়া কেন্দ্র থেকে যশোর বোর্ডের চেয়ারম্যান কয়েক বস্তা নকল উদ্ধার

১১-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## এসএসসি পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

করেছেন।

অংক প্রশ্ন কঠিন হওয়ায় ঢাকার কেরানীগঞ্জের জিঞ্জিরা কেন্দ্রে দুইজন মহিলা পরীক্ষার্থী জ্ঞানহারা হয়ে পড়ে।

রাজধানী ঢাকা ও গুরুত্বপূর্ণ শহরাঞ্চলের পরীক্ষার্থীদের জন্য খ সেটের অংক প্রশ্ন মানসম্পন্ন হলেও দেশের অধিকাংশ পরীক্ষার্থীদের জন্য অংক পরীক্ষা ছিল কঠিন। অংক প্রশ্ন কঠিন হওয়ার কারণে গতকাল দেশের প্রায় সকল পরীক্ষা কেন্দ্রেই কম-বেশী ব্যাপক নকলের মাধ্যমে পরীক্ষার্থীরা পরীক্ষা দিয়েছে।

দেশের বিভিন্ন স্থানে বিভিন্ন নতুন অংক প্রশ্নের বিভিন্ন সেট দিয়ে পরীক্ষা গৃহীত হওয়ায় অংক প্রশ্নের প্রকৃত মান নিরূপণ সম্ভব ছিল না।

ব্যাপক নকলের মধ্য দিয়ে গৃহীত অংক পরীক্ষায় নকলের অভিযোগে ৫টি শিক্ষা বোর্ডের বিভিন্ন কেন্দ্র থেকে নকলের অভিযোগে প্রায় তিন হাজার পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

গতকালের পরীক্ষায় রাজশাহী বোর্ডে বহিষ্কারের সংখ্যা ১১০৫, কুমিল্লা বোর্ডে ৫৫৫, যশোর বোর্ডে ২০৪, ঢাকা বোর্ডে ৩৮১ এবং চট্টগ্রাম বোর্ডে ২৩০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

ঢাকার কেরানীগঞ্জের জিঞ্জিরা পরীক্ষা কেন্দ্রে দু'জন মহিলা পরীক্ষার্থী অংকে প্রশ্ন কঠিন হওয়ায় জ্ঞানহারা হয়ে পড়ে।

ফরিদপুর জেলা সংবাদদাতা জানান, ফরিদপুরের বিভিন্ন কেন্দ্রে ব্যাপক নকলের মধ্য দিয়ে অংক পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ঈশান বালিকা বিদ্যালয় কেন্দ্রে জেলা প্রশাসকের মেয়েসহ প্রভাবশালী মহলের ছেলে-মেয়েরা বিশেষ রুমে সুযোগ-সুবিধা পেয়ে পরীক্ষা দিয়েছে। জেলা প্রশাসকের স্ত্রী ও সংশ্লিষ্ট অভিভাবকরা পরীক্ষা কেন্দ্রে প্রবেশকালে পরীক্ষার্থী ও অভিভাবকরা বিক্ষোভে ফেটে পড়ে।

ফরিদগঞ্জের নিজস্ব সংবাদদাতা জানান, অংক পরীক্ষা চলাকালীন অংক প্রশ্নের উত্তর ফটোস্ট্যাট কপি করার সময় চাঁদপুর জেলা প্রশাসক ফটোস্ট্যাট মেশিন আটক করে থানায় সোপর্দ করে। দোকান মালিক পালিয়ে গেছে।

কলারোয়া নিজস্ব সংবাদাতা জানান, যশোর শিক্ষা বোর্ড চেয়ারম্যান উক্ত কেন্দ্র থেকে নিজে উপস্থিত থেকে কয়েক বস্তা নকল উদ্ধার করে এবং কয়েকজন পরীক্ষার্থীকে নকলের অভিযোগে বহিষ্কার করেন।